

**ইবিতে ছাত্রী ধর্ষণ ঘটনায়
তদন্ত কমিটি ॥ আমরা
জড়িত নই-ছাত্রদল**

কুষ্টিয়া, ১৪ মে, নিজস্ব সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ক্যাডারদের দ্বারা ছাত্রী ধর্ষণের ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। শনিবার সকাল ১০টায় সাওয়া এ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর আফসর উদ্দিনকে আহ্বায়ক করে তিন সদস্যবিশিষ্ট এ তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটির অপর দু'সদস্য হলেন ফকিরশাহীনুন্নেছা মুন্সির হলের প্রভোস্ট ড. আইনুল ইসলাম ও জিয়া পরিষদের ড. শহীদুল ইসলাম নূরী। আগামী ১৯ মে'র মধ্যে তদন্ত কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছে। অন্যদিকে শনিবার দুপুরে ইবি প্রেস রুমে ছাত্রদল এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ওই ঘটনার সঙ্গে তাদের জড়িত থাকার কথা অস্বীকার করে এর প্রতিবাদ জানিয়েছে। সংবাদ সম্মেলনে শিথিল বক্তব্য পাঠ করেন ছাত্রদল ইবি শাখার সেক্রেটারি হুমায়ুন বাবর ফিরোজ। শিথিল বক্তব্যে কয়েকটি জাতীয় দৈনিকে প্রকাশিত ধর্ষণের ঘটনার সঙ্গে ছাত্রদের সম্পৃক্ততা সেই বলে তিনি দাবি করেন। এ সময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নে উত্তর দেন ছাত্রদের সহসভাপতি ফয়েজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক সাখির আহমেদ কুই, যুগ্ম-সম্পাদক কামাল হোসেন। এদিকে ছাত্রদের বিরুদ্ধে খবর প্রকাশিত হওয়ায় সংবাদ সম্মেলন শেষে তারা জনকণ্ঠ ও যুগান্তর পত্রিকার কপিতে অগ্নিসংযোগ করে।

উল্লেখ্য, গত ৯ মে রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সদ্য ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ১ম বর্ষের এক ছাত্রীকে ছাত্রদের ক্যাডাররা ধর্ষণ করে বলে ক্যাম্পাসে ব্যাপক গুল্লন ছড়িয়ে পড়ে। কিন্তু ক্যাডারদের ভয়ে কেউ মুখ বুলতে সাহস পায় না। এ নিয়ে ১৩ মে দৈনিক জনকণ্ঠসহ কয়েকটি জাতীয় ও স্থানীয় পত্রিকায় খবর প্রকাশিত হলে ক্যাম্পাসে ভোলপাড় সৃষ্টি হয়। অবশেষে ঘটনার ৫ দিন পর কর্তৃপক্ষ বিষয়টির তদন্তে একটি কমিটি গঠন করে।